ওই)      আলো যে    যায় রে দেখা—
   হৃদয়ের      পুব-গগনে    সোনার রেখা ॥
এবারে      ঘুচল কি ভয়,      এবারে    হবে কি জয় ?
   আকাশে    হল কি ক্ষয় কালীর লেখা ?।
কারে ওই      যায় গো দেখা,
   হৃদয়ের      সাগরতীরে      দাঁড়ায় একা ।
ওরে তুই    সকল ভুলে    চেয়ে থাক্    নয়ন তুলে—
   নীরবে    চরণমূলে    মাথা ঠেকা ॥

---

Parjaay: Puja, Raag: Bahirav

Visit www.geetabitan.com for notation and other detail